চুয়াডাঙ্গায় চুরিকৃত ট্রাকসহ দর্শনার আলোচিত চোর রিয়াজ আটক

চুয়াডাঙ্গা সদরের বেগমপুরের ইউনিয়ন পরিষদের পাশে পাবনা দাসুরিয়া থেকে চুরিকৃত ট্রাক সহ আন্ত:জেলা ট্রাক চোর সিন্ডিকেটের হোতা রিদয় ওরফে রিয়াজকে (২৭) আটক করে পুলিশে দিয়েছে স্থানীয় জনতা।

আজ রোববার সকাল সাড়ে ১০ টার দিকে তাকে আটক করা হলেও তার সাথে থাকা দর্শনার আকন্দবাড়িয়ার নতুনপাড়ার সাইদ নামমের একজন পালিয়ে গিয়েছে। আটককৃত রিয়াজ দর্শনা মহাম্মদপুরের শফি মিস্ত্রীর ছেলে।

জানাগেছে, গতকাল শনিবার রাত সাড়ে ১১ টার দিকে পাবনা জেলার দাসুরিয়া এলকা থেকে গোলাপ মালিথার ছেলে বাচ্চু মালিথার একটি ট্রাক (রেজি নং:-ঢাকা মেট্রো ট-২০-৮০৩১) চুরি হয়ে যায়। ট্রাক চুরির ঘন্টা খানেক পর ট্রাকটির সন্ধান চালাতে থাকে মালিক পক্ষ। ওই রাতে ট্রাকটির কোন হদিচ না পেয়ে, গতকাল রোববার ভোর রাতে চুয়াডাঙ্গা সদরের হিজলগাড়ি বাজারের বিশিষ্ট মোবাইল ব্যবসায়ী রাসেল হোসেন কে বিষয়টি জানায়। সকাল থেকে রাসেল চুরিকৃত ট্রাকটির সন্ধান চালাতে থাকে।

সকাল সাড়ে ১০ টার দিকে জানতে পারে বেগমপুর ইউনিয়ন পরিষদের সামনে রাস্তার পাশে একটি ট্রাক পড়ে আছে। রাসেল সহ স্থানীয় লোকজন ঘটনাস্থলে ছুটে এসে রেজিষ্ট্রেন নম্বর দেখে বুঝতে পারে এটাই সেই চুরিকৃত ট্রাক। ট্রাকটির চাকা খোলার প্রস্তুতি নিচ্ছিল চোর রিয়াজ। লোকজন দেখে এসময় চোর রিয়াজ পাশে বেগমপুর বাওড়ে ঝাপ দিয়ে পালানোর চেস্টা করলে স্থানীয় জনতা তাকে ধাওয়া করে আটক করে। চোর রিয়াজ বলে ট্রাক চুরির সাথে আকন্দবাড়িয়া গ্রামের নতুনপাড়ার সাইদও জড়িত। পরে স্থানীয় জনতা দর্শনা থানা পুলিশকে খবর দিলে পুলিশ তাকে গ্রেফতার করে এবং চুরিকৃত ট্রাকটি জব্দ করে।

দর্শনা থানার ওসি শহিদ তিতুমীর সাথে যোগাযোগ করা হলে, তিনি ঘটনা সত্যতা নিশ্চিত করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) অভিযান চালিয়ে ভারতীয় তৈরি কৃত ৩শ ৬ গ্রাম ওজনের ২২টি স্বর্ণের তৈরিকৃত গহনা উদ্ধার করেছে। তবে এ ঘটনায় কোন চোরাকারবারিকে আটক করতে পারেনী।

বিজিবি এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, আজ শনিবার (২৩ নভেম্বর) সকাল পৌনে ১০ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন ৬ বিজিবির ভারপ্রাপ্ত অধিনায়ক মেজর কাজী আসিফ আহমদের নেতৃত্বে অভিযান চালায় দর্শনার ছয়ঘরিয়া গ্রামে। এ সময় সুলতান ক্যাম্পের হাবিলদার আরিফুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৭৭/৫-হতে আনুমানিক ১ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া মসজিদের সামনে পাকা রাস্তার পাশে এ্যাম্বুশ করে।

এ সময় বিজিবির টহল দল সন্দেহভাজন তিন ব্যক্তিকে মোটর সাইকেলযোগে উক্ত এলাকা দিয়ে সীমান্ত হতে দর্শনা অভিমুখে দিকে যেতে দেখে। বিজিবি টহল দলের উপস্থিতি টের পেয়ে মোটরসাইকেল আরোহীগণ মোটর সাইকেল ঘুরিয়ে সীমান্ত অভিমুখে পালানোর চেষ্টা করে। পরে চোরাকারবারীদের ধাওয়া করলে মোটরসাইকেলের পিছনে থাকা আরোহী তার সাথে থাকা একটি প্লাষ্টিকের ব্যাগ ফেলে দৌড়ে বাগানের ভিতর পালিয়ে যায়।

এ সময় বিজিবি চোরাকারবারীদের ফেলে যাওয়া প্লাষ্টিকের ব্যাগটি জব্দ করে। জব্দকৃত প্লাষ্টিকের ভিতর হতে স্কচ টেপ দ্বারা মোড়ানো ৩শ ৬ গ্রাম ওজনের ভারতীয় তৈরীকৃত ২২টি স্বর্ণের গহনা উদ্ধার করে। যার আনুমানিক সোনার গহনার মৃল্য প্রায় ৪০ লক্ষ টাকা।

এ ঘটনায় হাবিলদার মোঃ আরিফুল ইসলাম বাদী হয়ে জব্দকৃত স্বর্ণের গহনাগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়া শেষ করে ট্রেজারী অফিসে জমা দেন ।

দর্শনায় শহীদ আবু সাঈদ ও মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুনার্মেন্ট সেমি ফাইনাল অনুষ্ঠিত

দর্শনা রামনগর মাথাভাঙ্গা যুব সংঘের উদ্যোগে শহীদ আবু সাঈদ ও মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুনার্মেন্ট সেমি ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল ৪ টার দিকে রামনগর ফুটবল মাঠে এ সেমিফাইনাল খেলা অনুষ্টিত হয়।

এ সেমিফাইনাল খেলায় যশোর জেলা কল্যান একাদশ সমিতিকে ২-০ গোলে পরাজিত করে পাবনা আয়ুব খান স্মৃতি ফুটবল একাদশ ফাইলালে উঠেছে। খেলার প্রথম পযার্য়ে খেলায় কোন দল কোন গোল করতে পারেনি। তবে দ্বিতীয় পর্বের খেলায় পাবনা আয়ুব স্মৃতি ফুটবল একাদশের ৯নং খেলোয়ার কাওছার আলী ৪৭ মিনিটের সময় ১ম গোলটি করে এবং ১১ নং খেলোয়ার ৫৫ মিনিটের সময় দ্বিতীয় গোলটি করেন বিপ্রো। ফলে ২-০ গোলে যশোর জেলা কল্যান একাদশকে পরাজিত করে পাবনা আয়ুব খান স্মৃতি ফুটবল একাদশ।

সেমিফাইনাল খেলায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শফিকুল ইসলাম সাবু বিপ্রোকে সেরা খেলোয়ারের হিসাবে পুরুস্কার তুলে দেন। রেফারীর দায়িত্ব পালন করেন নিপুন এবং লাইচম্যান হিসাবে দায়িত্বে ছিলেন আলো ও রবিউল ইসলাম। রামাযুষের সভাপতি জহির রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমি ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু।

বিশেষ অতিথি হিসাবে দর্শনা পল্লী বিদ্যুৎ অফিসের সহকারী জেনারেল ম্যানেজার শামীম উদ্দিন, দর্শনা পৌর বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ও প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, দর্শনা সরকারী কলেজের সাবেক ভিপি হারুন অর রশিদ, দর্শনা পৌর বিএনপির সাবেক সংগঠনিক সম্পাদক নাহারুল ইসলাম, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল

হোসেন,দর্শনা পৌর বিএনপির যুবদলের সদস্য সচিব রফিকুল হাসান, সাবেক দর্শনা পৌরদলের সাধারণ সম্পাদক আহসান হাবিব মামুন, থানা বিএনপির সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম। মদনা পারকৃষ্ণপুর ইউনিয়ন বিএনপির সভাপতি জসিম উদ্দিন। তবে আজকের খেলায় দর্শক গ্যালারীতে ছিলো পরিপূর্ণ উপচে পড়া ভীর ও মাঠ ভর্তি দর্শক ছিলো দেখার মত। সমগ্র ফুটবল খেলার ধারা ভাষ্য দেন হাসান গাজী ও সবুজ হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন জাহান আলী।

দামুড়হুদা এসএসসি ৯১ ব্যাচের উদ্যোগে ফ্রী মেডিকেল ক্যাম্পেইন অনুষ্ঠিত

দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের এসএসসি ৯১ ব্যাচের রাজশাহী মেডিকেল কলেজ ও হাসপাতালের সহযোগী অধ্যাপক ডাঃ আবু শাহিনের উদ্যোগে ফ্রী মেডিকেল ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা দশটার দিকে দামুড়হুদা পাইলট সরকারি হাই স্কুল মাঠে ফ্রী ক্যাম্পেইন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা অনুষ্ঠানে আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের সহকারি অধ্যাপক শরিফুল ইসলাম মিঠুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম।

দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের এসএসসি ৯১ ব্যাচের ছাত্র রাজশাহী মেডিকেল কলেজ ও হাসপাতালের সহযোগী অধ্যাপক ডাঃ আবু শাহিন দামুড়হুদা থানাধীন এলাকার প্রায় ৩শত জন রোগিকে ফ্রী চিকিৎসা প্রদান করেন। এলাকার সন্তান তুল্য ডাক্তারের নিকট চিকিৎসা নিতে আসা সাধারণ মানুষ ডাক্তারের দীর্ঘজীবি কামনা করেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যাপক জাহিদুল হাসান মিল্টন।

দামুড়হুদায় অবৈধ ভাবে মাটি কাটার অপরাধে ৫০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার হাতিভাঙ্গা গ্রামে মোবাইল কোর্টে অবৈধ ভাবে কৃষি জমির মাটি উত্তোলন করায় উপজেলার চিৎলা গ্রামের জয়নাল আবেদীনের ছেলে চিহ্নিত ভূমিদস্যু আকিরুল ইসলামের ৫০ হাজার টাকা জরিমানা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান। এ ঘটনায় এলাকাবাসী সাধুবাদ জানান।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) সকাল ১১ টার দিকে মোবাইল কোর্টের মাধ্যমে এ জরিমানা করা হয়।

দামুড়হুদা উপজেলার হাতিভাঙ্গা গ্রামে কৃষি জমি থেকে অনুমোদন বিহীনভাবে বাণিজ্যিক উদ্দেশ্যে মাটি উত্তোলন করায় বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ এর ৪ ধারা অনুযায়ী চিৎলা গ্রামের চিহ্নিত ভূমিদস্যু আকিরুল ইসলামকে মোবাইল কোর্টের মাধ্যমে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান। এসময় মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানা পুলিশ।

অভিযান শেষে উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান বলেন জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

দামুড়হুদা সাংবাদিক সমিতির কমিটি গঠন: সভাপতি কাজল, সম্পাদক বাবু

দামুড়হুদা প্রেস ক্লাবের সাংবাদিক সমিতির দ্বিবার্ষিক কমিটি গঠন করা হয়েছে। আজ বুধবার (২০ নভেম্বর) সকাল সাড়ে ১০টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয়ে দামুড়হুদা সাংবাদিক সমিতির ৯সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়।

এতে সভাপতি মনোনীত হয়েছে হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহজালাল বাবু।

দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশের সভাপতিত্বে দামুড়হুদা সাংবাদিক সমিতির কমিটি গঠন অনুষ্ঠানে সর্বসম্মতিক্রমে অন্যান্য পদে মনোনীত হয়েছেন সহ-সভাপতি মোজাম্মেল শিশির, সহ-সাধারণ সম্পাদক বিল্লাল হোসেন, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন, অর্থ সম্পাদক খালেকুজ্জামান, কার্যকরী কমিটির সদস্য মাহবুবুর রহমান মনি, শামসুজ্জোহা পলাশ ও তানজির ফয়সাল ।

দামুড়হুদায় শিশু সুরক্ষা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

দামুড়হুদায় সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত শিশু সুরক্ষা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২০ নভেম্বর) সকাল ১০ টার সময় উপজেলা সমাজসেবা অফিসের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হকের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দরা।

দামুড়হুদা উপজেলা শুমারি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

অর্থনৈতিক শুমারি বাস্তবায়ন উপলক্ষে দামুড়হুদা উপজেলা শুমারি স্থায়ী কমিটির অবহিতকরণ সভা উপজেলা নির্বাহী অফিসার মমতাজ মহলের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২০ নভেম্বর) সকাল ১১ টার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের যৌথ আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়িত অর্থনৈতিক শুমারি-২০২৪ উপলক্ষে মাঠ পর্যায়ে মূল তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পর্কে উপজেলা শুমারি সংক্রান্ত বিষয়ক সার্বিক দিক নিয়ে সভায় অবহিত করেন উপজেলা পরিসংখ্যান কার্যালয় অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মো:শরিফুল ইসলাম।

আগামী ১০ ডিসেম্বর থেকে ২৬ ডিসেম্বর পর্যন্ত তথ্য সংগ্রহ কার্যক্রম চলবে উল্লেখ করে তিনি বলেন,সারাদেশের ন্যায় আমাদের দামুড়হুদা উপজেলাতেও অর্থনৈতিক শুমারি সম্পূর্ণ ডিজিটাল পরিচালিত করা হবে।এতে অর্থনৈতিক প্রতিষ্ঠান সহ অর্থনৈতিক কর্মকাণ্ড ও খানা(পরিবার) এর তথ্য সংগ্রহ করা হবে। এবারে আমাদের উপজেলাতে জন

তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার, জোনাল অফিসার সহ একজন উপজেলা শুমারি সমন্বয় দায়িত্ব পালন করবেন। এজন্য উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ মোঃ হুমায়ূন কবির, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজ্জোহা পলাশ, সাংগঠনিক সম্পাদক মোঃ রকিবুল হাসান তোতা, সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ হুসনে জাহান, প্রাণী সম্পদ কর্মকর্তা মোছাঃ লিলিমা আক্তার হ্যাপি, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন,কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস,নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী,নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন প্রমুখ।

দামুড়হুদার হুদাপাড়ায় পিস্তল, গুলি ও ফেন্সিডিল উদ্ধার

দামুড়হুদা উপজেলার ভারতীয় সীমান্তবর্তী হুদাপাড়া গ্রামের মাঝপাড়ার মিলন হালসোনার বাড়ির পিছনে গোবরের গাদার ভিতর থেকে পরিত্যাক্ত অবস্থায় পুরাতন কাপড়ের টুকরা দ্বারা মোড়ানো দেশীয় ১টি পুরাতন রিবলবার, তিন রাউন্ড গুলি ও ৪৭ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বিজিবি।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি অধিনায়ক লে: কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান (পিএসসি) আজ মঙ্গলবার দুপুর ১২ টায় ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটেলিয়ান সূত্রে জানা গেছে গতকাল সোমবার (১৮ নভেম্বর) সকাল সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা ৬ বিজিবির মুন্সিপুর বিওপি’র সদস্যরা এসব আগ্নেয়াস্ত্র গুলি ও ফেন্সিডিল

জব্দ করে। উদ্ধারকৃত আগ্নেয়াস্ত্র, গুলি ও মাদকদ্রব্য বিজিবি’র ব্যাটালিয়ন সদরে জমাকরণের পাশাপাশি দামুড়হুদা থানায় একটি জিডি সাধারণ ডায়েরি করা হয়েছে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি হুমায়ুন কবীর বলেন চুয়াডাঙ্গা বিজিবি-৬ এর পক্ষ থেকে পিস্তল ও গুলি উদ্ধারের বিষয়ে একটি সাধারন ডায়েরি করা হয়েছে।